



Protection from Sexual Exploitation and Abuse

Bangladesh - Cox's Bazar

পিএসইএ নেটওয়ার্ক মিটিং মিনিটস

১০:০০ - ১১:৩০ বুধবার ২০ ফেব্রুয়ারী ২০১৯
ইউনিসেফ কনফারেন্স রুম ৪

বিষয়সূচি

আলোচিত

- **আসন্ন কার্যক্রমসমূহের সমন্বিত পরিকল্পনা** - প্রথম কার্যক্রম, স্ল্যাশট সার্ভে যা দ্বারা সুবিধাভোগী সম্প্রদায় পিএসইএ-কে কিভাবে অনুধাবন করছে, এই বিষয়ে তাদের মাঝে উপলব্ধি, তা কি করে ঘটে এবং রোহিঙ্গা সম্প্রদায় ও মানবতা কর্মীদের মাঝে পিএসইএ নিয়ে বিদ্যমান ভুল ধারণা ও তা পূরণে প্রয়োজনীয় বিষয়সমূহ নেটওয়ার্ক সদস্যদের সামনে উপস্থাপন ও আলোচনা করা হয়। এসইএ-কে কেন্দ্র করে রোহিঙ্গাদের ভাষা ও তাদের চেতনার সাথে সমন্বয় রেখে যোগাযোগ কৌশল উদ্ভাবনে রোহিঙ্গা ক্রিয়েটিভ টাস্ক ফোর্স ওয়ার্কশপ পরিচালনায় সহায়তা প্রদানের ব্যাপারে আলোচনা করা হয়। রোহিঙ্গা ও মানবতা কর্মীদের সাথে ওয়ার্কশপসমূহ সমগ্র সহায়তা কার্যক্রমে কমিউনিটি দ্বারা পরিচালিত যোগাযোগ মাধ্যমের উদ্ভাবন করবে যা কিনা একটি ওয়ার্কশপের মাধ্যমে আগামী মার্চ, ২০১৯ এ নেটওয়ার্কের সামনে উপস্থাপন করা হবে। যেহেতু এসডব্লিউওটি এনালাইসিস এর জন্য ফোকাস গ্রুপ আলোচনা এখনও পরিচালিত হয় নি, নেটওয়ার্ক সদস্যরা কার্যক্রম দুটি (এসডব্লিউওটি ও সার্ভে) একত্রিত করে একই ব্যক্তিদের দ্বারা পরিচালনার জন্য প্রস্তাব উত্থাপন করেন।
- **কেস ম্যানেজমেন্ট নিয়ে আলোচনা** - কেস পরিচালনা সংক্রান্ত আলোচনা এসইএ কেস পরিচালনার উপর ওরিয়েন্টেশন ওয়ার্কশপটি সার্ভে ওয়ার্কশপের পূর্বেই অনুষ্ঠিত হতে হবে। ওরিয়েন্টেশন ওয়ার্কশপ স্টাফদের প্রতি ঝুঁকি, এসইএ এর শিকার সারভাইভারদের ঘটনা রিপোর্ট ও সহায়তা গ্রহনকালে সৃষ্ট ঝুঁকির বিশ্লেষণের উপর আলোকপাত করা হবে। কেস সুপারভাইজার/ম্যানেজার ও কেস ওয়ার্কশপের অত্র ওয়ার্কশপে অংশগ্রহণ করা উচিত। নেটওয়ার্ককে ওয়ার্কশপ দুটির বিষয়বস্তু, কর্মপন্থা ও উদ্দেশ্য নিয়ে ১ অথবা ২ পৃষ্ঠার বক্তব্য তৈরি করার প্রস্তাব করা হয়। ঝুঁকি প্রশমনের নিমিত্তে ও কার্যক্রমসমূহের পরিচালনার সময় কন ধরণের এসইএ ঘটনার উন্মোচন ঘটতে পারে বলে, নেটওয়ার্কের প্রতি প্রস্তাব রাখা হয় ইহা যাতে কেসওয়ারকাররা কোন কোন ধরণের প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছে তা তুলে ধরার জন্য একটি চেকলিস্ট প্রস্তুত করে। এই মানদণ্ডের উপর ভিত্তি করে আইওএম এসইএ কেস পরিচালনার প্রশিক্ষণে সহায়তা প্রদান করবে যা আগামী ২৭ ফেব্রুয়ারী ধার্য করা হবে। নিরাপত্তা ঝুঁকি প্রশমনের কথা বিবেচনা করে, নেটওয়ার্ক সদস্যরা কর্মসূচীগুলি ক্যাম্পসমূহে যেখানে তাদের সচরাচর কার্যক্রম পরিচালনা করে সেখানে পরিচালনার জন্য সহমত প্রদান করে।
- **পিএসইএ প্রশিক্ষণ প্যাকেজের পর্যালোচনা** - নেটওয়ার্ক সদস্যদের নিম্নলিখিত প্রস্তাবনা নিয়ে আলোচনা করা হয়ঃ
 - সেশন আউটলাইনে একজন মানবতাকর্মী কে এবং ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদান নামক দুটি বিষয় সংযোজন করা প্রয়োজন।
 - একমত/দ্বিমত পোষণের পরিবর্তে কন্সবাজারের প্রেক্ষিতে কি করবেন ও কি করবেন না তার একটি লিস্ট প্রদান করা।
 - ইউএনডিএসএস এর সহিত স্ট্যান্ডার্ড নিরাপত্তা ব্রিফিং এর কিছু মৌলিক স্লাইড শেয়ার করা প্রয়োজন।
 - কন্সবাজারে ঘটমান এসইএ এর কিছু যথাযথ উদাহরণ এবং যৌন হয়রানী ও এসইএ এর মধ্যে পার্থক্যও সংযোজন করা প্রয়োজন।

নেটওয়ার্ক সদস্যরা প্রশিক্ষণ কর্মসূচিকে পুনর্গঠনপূর্বক দীর্ঘায়িত করে ব্যাচভিত্তিক ১/২ দিনের কর্মসূচীতে পরিণত করার প্রয়োজনীয়তায় সহমত প্রদান করেন।

- **এসইএ অপরাধীদের নিয়ে আলোচনা** - অপরাধী যখন সিআইসি, পুলিশ অথবা সশস্ত্র বাহিনীর কোন সদস্য হয়ে থাকেন তাহলে তাদের প্রতি কিভাবে প্রতিকার পাওয়া যাবে তা নিয়ে আলোচনা করা হয়। তাদের জবাবদিহিতা, কাঠামো ও বিশ্ব জুড়ে



Protection from Sexual Exploitation and Abuse

Bangladesh - Cox's Bazar

পিএসইএ নেটওয়ার্ক মিটিং মিনিটস

১০:০০ - ১১:৩০ বুধবার ২০ ফেব্রুয়ারী ২০১৯
ইউনিসেফ কনফারেন্স রুম ৪

বিষয়সূচি

অন্যান্য সহায়তায় তা কিভাবে পর্যালোচনা করা হয়েছে তা নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করা হয়। ইরাকের সরকারী কর্মকর্তাদের এসইএ অভিযোগসমূহ উদাহারনস্বরূপ কিভাবে রেসিডেন্ট কোঅর্ডিনেটর/হাই কমিশনার এর মাধ্যমে প্রধানমন্ত্রী পর্যন্ত পৌঁছানোর উদাহরণও আলোচনা করা হয়।

কার্যক্রম

- আগামী ৬ মার্চের মধ্যে প্রত্যেক এজেন্সি নিম্নলিখিত বিষয় উল্লেখপূর্বক স্পেডশিট টুল পূরণ করবেঃ নির্বাচিত স্টাফ, ক্যাম্প, যোগাযোগের বর্ণনা, ম্যানেজার এবং অংশগ্রহণ করা প্রশিক্ষণের তালিকা।
- আগামী ৬ মার্চের মধ্যে নেটওয়ার্ক সদস্যগণ সমন্বিত প্রশিক্ষণ মডেলের উপর চূড়ান্ত মতামত প্রদান করবেন। (গুগল ডক পুনরায় শেয়ার করা হবে)
- পিএসইএ নেটওয়ার্ক সমন্বয়কারী টিম স্ল্যাশট সার্ভে কর্মসূচী ও তার কর্মপত্র উপর একটি সংক্ষিপ্ত বক্তব্য প্রস্তুত করবে তা নেটওয়ার্ক সদস্যদের মতামতের জন্য আগামী ৬ মার্চের মধ্যে প্রদান করা হবে।
- এসইএ কেস ম্যানেজমেন্ট ওয়ার্কশপের এজেন্ডা ও তার আউটলাইন আগামী ৬ মার্চের মধ্যে নেটওয়ার্কের সহিত শেয়ার করা হবে।

আগামী পিএসইএ নেটওয়ার্ক মিটিং - ৬ মার্চ, ২০১৯, ইউনিসেফ কনফারেন্স রুম ৪

কক্সবাজার পিএসইএ নেটওয়ার্ককে সমর্থনের জন্য আপনাকে ধন্যবাদ



Protection from Sexual Exploitation and Abuse

Bangladesh - Cox's Bazar